গাংনী উপজেলা আওয়ামীলীগের স্বতন্ত্র প্রার্থী মকলেছুর রহমান মুকুল

গাংনী উপজেলা আওয়ামীলীগের উদ্যোগে বিভিন্ন ইউনিয়ন ও পৌর আওয়ামী লীগের সভাপতি সম্পাদকদের নিয়ে বর্ধিত সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বুধবার দুপুরে তালিমুল কোরআন ইসলামী একাডেমি মাদ্রাসার সামনে উপজেলা আওয়ামীলীগের সভাপতি ও মেহেরপুর ২ আসনের সংসদ সদস্য সাহিদুজ্জামান খোকনের সভাপতিত্বে এবং পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আনারুল ইসলাম বাবুর সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মকলেছুর রহমান মুকুল, সাবেক পৌর মেয়র আশরাফুল ইসলাম, উপজেলা আওয়ামীলীগের সাবেক সাংগঠনিক সম্পাদক নজরুল ইসলাম, মনিরুজ্জামান মাস্টার সহ ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি ও সাধারণ সম্পাদক সহ আওয়ামী লীগের বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে গাংনী উপজেলা আওয়ামীলীগের পক্ষ থেকে স্বতন্ত্র প্রার্থী হিসেবে উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মকলেছুর রহমান মুকুলকে আগামী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে প্রার্থী হিসেবে ঘোষণা করা হয়।

জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক বলেন,দলীয়ভাবে যে প্রার্থী দেয়া হয়েছে তাকে দলের এবং জনগণ কেউ চেনেনা বা তার সম্পর্কে জানেনা ভোটারটা। সেইজন্য উপজেলা আওয়ামীলীগের পক্ষ থেকে যে প্রার্থী ঘোষণা করা হয়েছে আমার পক্ষ থেকে নৈতিক সমর্থন থাকবে তার জন্য তবে জেলা আওয়ামী লীগের সভাপতি ও কেন্দ্রীয় সাধারণ সম্পাদকের সাথে আলাপ করে আমি সরাসরি কাজ করবো কিনা সেটা তখন জানাবো। ইউনিয়ন পর্যায়ের সভাপতি ও সাধারণ সম্পাদকরা প্রত্যেকে মকলেছুর রহমান মুকুল কে সমর্থন প্রদান করেন।

মেহেরপুর ২ আসনে মনোনয়ন পত্র জমাদান শুরু

মেহেরপুর-২ গাংনী আসনে বাংলাদেশ আওয়ামী লীগের শরিক দল বাংলাদেশের ওয়ার্কার্স পাটির কেন্দ্রীয় পলিট ব্যুরো সদস্য নুর আহম্মেদ বকুল গতকাল বুধবার বেলা সাড়ে ১১ টার দিকে ভারপ্রাপ্ত সহকারী রিটার্নিং অফিসারের কাছে তার মনোনয়ন পত্র জমা দিয়েছেন।

অপর দিকে দুপুর ২ টার দিকে দলীয় মননোয়ন বঞ্চিত হয়ে স্বতন্ত্র প্রার্থী হিসেবে মনোনয়ন পত্র জমা দিয়েছেন সাবেক সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধ মকবুল হোসেন।

নুর আহম্মেদ বকুল বলেন, আমাদের পূর্ব অভিজ্ঞতা আছে। অসাংবিধানিক সামরিক শাসনে বাংলাদেশ আবারো পতিত হোক সেটা আমরা চাই না। নানা ষড়যন্ত্র হচ্ছে এই ষড়যন্ত্রের বিরুদ্ধে এই নির্বাচনকে সুষ্ঠভাবে এগিয়ে নিতে হবে। বাংলাদেশের ওয়ার্কাস পাটি আমরা শরিক জোট। আমরা লড়াই করছি। আগামী নির্বাচন সুষ্ঠ এবং শান্তিপূর্ণ হবে। জনগনের অংশগ্রহনের মধ্যে দিয়ে আনান্দ ঘন পরিবেশের মধ্যে দিয়ে নির্বাচন হবে আমরা আশা করি।

গাংনীতে আওয়ামী লীগ প্রার্থী ডা. নাজমুল হক সাগরকে অভ্যর্থনা

মেহেরপুর ২ গাংনী আসনে বাংলাদেশ আওয়ামী লীগের মনোনীত প্রার্থী ডাঃ নাজমুল হক সাগরকে বরণ করে নেন নেতাকর্মীরা।

গতকাল মঙ্গলবার বিকালে গাংনীতে আসার পথে মেহেরপুর জেলার শেষ

এরিয়া খলিসাকুন্ডী ব্রিজ থেকে তার নেতাকর্মীরা তাকে উষ্ণ অভ্যর্থনায় বরণ করে নেন। ডাঃ সাগর গাংনীর মাটিতে নেমে মাটিতে সালাম করে তার নির্বাচনী যাত্রা শুরু করেন।

এ সময় ডাঃ সাগরকে বরণ করে নেন জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি শহিদুল ইসলাম বিশ্বাস, জেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক এ্যাডঃ এ কে এম শফিকুল আলম, তেতুলবাড়িয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান নাজমুল হুদা বিশ্বাস, মটমুড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহেল আহমেদ সহ আওয়ামী লীগ ও অংগ এবং সহযোগী সংগঠনের নেতাকর্মীরা ফুলেল শুভেচছায় ডাঃ সাগরকে বরণ করে নেন।

ডাঃ সাগর রাজশাহী মেডিকেল কলেজ ছাত্রলীগের সাবেক সভাপতি ছিলেন। তিনি সাবেক এমএলএ নুরুল হকের পুত্র।

গাংনীতে পিএসকেএসের উদ্দ্যোগে কৃষি উপকরণ বিতরণ

মেহেরপুরের গাংনীতে পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি পিএসকেএসের উদ্দ্যোগে নিবিড় পদ্ধতি মাচায় খাসি মোটাতাজা করণ প্রদর্শনীর উপকরণ বিতরণ অনুষ্টান অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার (২৮ নভেম্বর) পিএসকেএস সমন্বিত কৃষি ইউনিট ভুক্ত প্রাণিসম্পদ খাতের আওতায় ৮ জন উপকারভোগীর মাঝে এ উপকরণ বিতরণ করা হয়।

এ সময় ৬৮ কেজি পিলেট খাবার,৫০ পিচ ঘাসের কাটিং, মাচা তৈরি বাবদ নগদ ১৮০০ টাকা, ভিটামিন মিনারেল সাপ্লিমেন্ট সহ সাইনবোর্ড ও রেজিষ্টার খাতাও বিতরণ করা হয়।

এ সময় উপকারভোগীদেরকে প্রদর্শনীর লক্ষ্য ও উদ্দেশ্যসহ কিভাবে এর রক্ষণাবেক্ষন করতে হবে সে সম্পর্কে দিক নির্দেশনা প্রদান করা হয়।

উপকরণ বিতরণের সময় উপস্থিত ছিলেন পিএসকেএস এর সমন্বিত কৃষি ইউনিট ভুক্ত প্রাণিসম্পদ ইউনিটের কর্মকর্তাগন ও সংস্থার অন্যান্য

সদস্যবৃন্দ।

উক্ত কার্যক্রমে আর্থিকভাবে সহায়তা করে পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)।

গাংনীতে মোবাইল সার্ভিসিং এর আড়ালে ব্ল্যাকমেইলের অভিযোগ

মেহেরপুরের গাংনী বাজারের কাথুলী মোড়ে চপল মোবাইল সেন্টারে একটি মোবাইল সারাতে করতে দেন এক গৃহবধূ। পরে সেই মোবাইল থেকে গৃহবধূর ব্যক্তিগত একান্ত মুহূর্তের ছবি সরিয়ে বিভিন্ন কুপ্রস্তাব ও হুমকি দেয় মোবাইল সেন্টারের মালিক।

গতকাল শুক্রবার (২৪ নভেম্বর) সন্ধ্যায় এ ঘটনায় মেহেরপুরের গাংনী থানা পুলিশ দুজনকে আটক করলেও গভীর রাতে তাদের ছেড়ে দেয়। এতে ভুক্তভোগী গৃহবধূ ও তার পরিবারসহ বিভিন্ন মহলে বিরূপ প্রতিক্রিয়া দেখা দিয়েছে। তবে পুলিশ বলছে আটকদের বিরুদ্ধে আইন বহির্ভূত কিছু না পাওয়ায় তাদের ছেড়ে দেওয়া হয়েছে।

ভুক্তভোগীর পরিবার সুত্রে জানা গেছে, মাস দুয়েক আগে গাংনী বাজারের কাথুলী মোড়ে চপল মোবাইল সেন্টারে একটি মোবাইল মেরামত করতে দেন ওই গৃহবধূ। সে সময় তাকে ঘণ্টাখানেক সময় লাগবে বলে জানান দোকান কর্মচারী সাইফ উদ্দীন। পরে ফোনটি গৃহবধূকে দিয়ে দেয় সে। গত পাঁচ দিন আগে গৃহবধূর ছবি দিয়ে নাবিল নামের একটি ফেসবুক আইডি খুলে ওই গৃহবধূর কাছেই ফ্রেন্ড রিকোয়েস্ট পাঠানো হয়। ভুক্তভোগী গৃহবধূ কিছু বুঝে উঠতে না পেরে ফ্রেন্ড রিকোয়েস্ট একসেপ্ট করেন। পরে নাবিল নামের আইডি থেকে ওই গৃহবধূর মেসেঞ্জারে তার স্বামীর সাথে থাকা অন্তরঙ্গ মুহূর্তের কিছু ছবি পাঠায় ও কুপ্রস্তাব দেয়। প্রস্তাব না মানলে সোশ্যাল মিডিয়ায় এসব ছবি ছড়িয়ে দেওয়ার হুমকিও দেয়।

বিষয়টি ভুক্তভোগী তার পরিবারকে জানালে তারা মেহেরপুর জেলা পুলিশের সাইবার ক্রাইম ইউনিটে যান এবং গাংনী থানায় একটি জিডি

করেন।

বিষয়টি জানাজানি হলে গৃহবধূর পক্ষের লোকজন ফুঁসে ওঠে। বিভিন্নভাবে খোঁজ নিয়ে ও ঘটনা পর্যালোচনা করে ওই গৃহবধূর পরিবার গতকাল শুক্রবার (২৪ নভেম্বর) সন্ধ্যা রাতে চপল মোবাইল সেন্টারের মালিক চপল ও কর্মচারী সাইফকে প্রমাণসহ হাতে নাতে ধরতে সক্ষম হয়। এ সময় উভয়পক্ষ বাক-বিতণ্ডতায় জড়িয়ে পড়লে গাংনী বাজার কমিটির লোকজন চপল ও তার কর্মচারী সাইফ উদ্দীনকে বাজার কমিটির অফিসে নিয়ে পুলিশে খবর দেন। পুলিশ দুজনকে আটক করে থানায় নিয়ে গেলেও গভীর রাতে তাদের ছেড়ে দেওয়া হয়।

গৃহবধূর স্বামী জানান, আমার স্ত্রীকে ভয়েজ কলে রাতে গোপনালাপ করার প্রস্তাব দেওয়া হতো এবং কথা না বললে তার ছবি সোশ্যাল মিডিয়ায় ছড়িয়ে দেওয়ার হুমকি দেওয়া হতো। এসব ভয়েজ রেকর্ড ও ভুয়া ফেসবুক আইডি পুলিশকে দেওয়া হয়। সেই সাথে গত শুক্রবার রাতেই মামলা করার জন্য একটি অভিযোগ দেওয়া হয়। কিন্তু অভিযোগ আমলে না নিয়ে আটকদের ছেড়ে দেওয়া হয়। এখন গোটা পরিবারই হুমকির মুখে।

বিষয়টি নিয়ে গাংনী থানার ওসি (তদন্ত) মনোজিৎ কুমার নন্দী বলেন, অভিযোগকারী যে আবেদন ও ধারা উল্লেখ করেছেন সেটি পর্নোগ্রাফি আইন। কিন্তু আটকদের অপরাধ ওই আইনে নয়। এদের কাছ থেকে তেমন কোনো অপরাধমূলক কর্মকাণ্ডর প্রমাণও মেলেনি। তাই ছেড়ে দেওয়া হয়েছে। তবে গৃহবধূর পক্ষ থেকে যে জিডি করা হয়েছে তা তদন্ত করে পরবর্তী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

গাংনী থানার অফিসার ইনচার্জ তাজুল ইসলাম বলেন, আটককৃতদের ছেড়ে দেয়া হলেও, গৃহবধূর জিডি’র তদন্ত করা হচ্ছে। কারও সম্পৃক্ততা পাওয়া গেলে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।

গাংনীতে প্রথমবারের মত

নাগরিকত্ব অলিম্পিয়াড অনুষ্ঠিত

সচেতন, সংগঠিত ও সোচ্চার নাগরিকই গণতন্ত্রের রক্ষাকবচ’ স্লোগানকে সামনে রেখে দি হাঙ্গার প্রজেক্টের সহযোগিতায় ও প্রিস ফ্যাসিলিটেটর গ্রুপ (পিএফজি) আয়োজনে মেহেরপুরের গাংনীতে অনুষ্ঠিত হয়েছে প্রথম নাগরিকত্ব অলিম্পিয়াড।

শনিবার সকাল ১০ টায় গাংনীর সরকারি ডিগ্রি কলেজ অডিটোরিয়ামে এই অলিম্পিয়াড অনুষ্ঠিত হয়।

সাংস্কৃতিক ব্যক্তিত্ব ও কলেজ শিক্ষক আবু সাদাত মো: সায়েম পল্টুর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন- গাংনী সরকারী ডিগ্রি কলেজের অধ্যক্ষ মনিরুল ইসলাম।

পিস ফ্যাসিলেটর গ্রুপ (পিএসজি) গাংনীর সমন্বয়কারী সাংবাদিক রফিকুল আলম বকুলের সঞ্চালনায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন গাংনী থানা অফিসার ইনচার্জ তাজুল ইসলাম, দি হাঙ্গার প্রজেক্টের আঞ্চলিক সমন্বয়কারী খোরশেদ আলম, অবসরপ্রাপ্ত সহকারী অধ্যাপক আব্দুর রশিদ, বীর মুক্তিযোদ্ধা আবুল কাশেম, প্রধান শিক্ষক সৈয়দ জাকির হোসেন, প্রধান শিক্ষক মিজানুর রহমান, গাংনী পাইলট মাধ্যমিক বিদ্যালয় এন্ড কলেজের প্রভাষক শফি কামাল পলাশ, গাংনী মহিলা ডিগ্রি কলেজের সহকারী অধ্যাপক মহিবুর রহমান মিন্টু,করমদি ডিগ্রি কলেজের সহকারী অধ্যাপক আমজাদ হোসেন, সহকারী অধ্যাপক মাসুদ রানা, গাংনী সরকারী ডিগ্রি কলেজের প্রভাষক হোসেন আলী, করমদি মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক মিজানুর রহমান।

তাদের মধ্যে সেরা দশজনকে আকর্ষণীয় পুরষ্কার ও সকল অংশগ্রহণকারীদের সার্টিফিকেট দেওয়া হয়। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন অনুষ্ঠানের আহবায়ক আবু সাদাত সায়েম পল্টু, আয়োজনে প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক রফিকুল ইসলাম, সিনিয়র সাংবাদিক জুলফিকার আলি কানন,আজিজুল ইসলাম রানু, দি হাঙ্গার প্রজেক্টের যশোর এলাকা সমন্বয়কারী, গিয়াসউদ্দিন, গাংনী এলাকা সমন্বয়কারী হেলালউদ্দীন ও উপজেলা ছাত্রলীগের সভাপতি আমিনুল ইসলাম সেন্টু সহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও ছাত্র-ছাত্রীরা উপস্থিত ছিলেন।

এছাড়া উপস্থিত ছিলেন প্রিস ফ্যাসিলিটেটর গ্রুপ (পিএফজি) নাগরিক প্রকল্পের সদস্যরা ও দি হাঙ্গার প্রজেক্টের সহযোগী সংগঠন ইয়ুথ

এন্ডিং হাঙ্গারের অর্ধশতাধিক ইয়ুথ লিডার। অনুষ্ঠানে সুচনা হয়েছিল জাতীয় সংগীতের মাধ্যমে। পরবর্তীতে নাগরিক অলিম্পিয়াড এ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের নিয়ে পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। শেষে বিজয়ীদের মধ্যে পুরস্কার, লোগো সম্বলিত গেঞ্জি ও সার্টিফিকেট বিতরণ করা হয়।

সকল শিক্ষার্থীদের নিয়ে মুক্তিযুদ্ধের চেতনায় স্মার্ট বাংলাদেশ গঠণে যোগ্য, দক্ষ ও যুগোপযোগী নাগরিক হিসেবে গড়ে তুলতে শপথ বাক্য পাঠ করানো হয়। শপথ বাক্য পাঠ পর্ব পরিচালনা করেন বীর মুক্তিযোদ্ধা আবুল কাশেম। অলিম্পিয়াডে অংশগ্রহণ করেন বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের প্রায় ২৫০ জন শিক্ষার্থী।

গাংনীতে ট্রাক ও লেগুনার সংঘর্ষে আহত ৯

গাংনীতে যাত্রীবাহী লেগুনার সাথে ভুট্টা বোঝায় ট্রাকের মুখোমুখি সংঘর্ষে সৃষ্ট দুর্ঘটনায় ৯ জন আহত হয়েছে।

আজ বৃহস্পতিবার (২৩ নভেম্বর) বিকেল ৩ টার দিকে গাংনীর চৌগাছাতে এই দুর্ঘটনা ঘটে। ট্রাক আরোহীদের ৫ জন ও যাত্রীবাহী লেগুনার চালকসহ ৩ জন যাত্রী আহত হয়েছেন।

আহতরা হলেন রামকৃষ্ণপুর গ্রামের আব্দুর রকিবের ছেলে নাঈম হোসেন (১৪), মেহেরপুর সদর উপজেলার নতুন দরবেশপুরের মৃত আহাদ আলীর ছেলে ঝন্টু আলী (৫০), রফিকুল ইসলামের ছেলে আসাদুল ইসলাম (৪০), মুরাদ আলীর ছেলে সাজেদুল ইসলাম (৫০), আনিস আলীর ছেলে আসাবুল ইসলাম (২৬) ,কুষ্টিয়ার নাসির উদ্দিন এর ছেলে নাঈম (২৪),গাংনী উপজেলার লক্ষীনারায়নপুর ধলা গ্রামের মৃত আবুল মোহাম্মদের ছেলে আলী মোহাম্মদ (৭০), কাথুলী গ্রামের মামুন হোসেনের স্ত্রী শাবানা খাতুন (৩৫) ও কুলবাড়িয়া গ্রামের আকলেসুর রহমানের স্ত্রী খাদিজা খাতুন (৪০)।

স্থানীয় জনগণ আহতদের উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য

কমপ্লেক্সে নিয়ে গেলে ৩ জনের অবস্থা আশঙ্কাজনক হওয়াতে তাদেরকে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট হাসপাতালে রেফার্ড করেন কর্তব্যরত চিকিৎসক।

গাংনী থানার ইন্সপেক্টর (তদন্ত) মনোজিৎ কুমার নন্দী এ তথ্য নিশ্চিত করেছেন।

গাংনীতে পিএসকেএসের উদ্যোগে মাঠ দিবস

গাংনীতে পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস) কর্তৃক সমন্বিত কৃষি ইউনিটভুক্ত মৎস্যখাত এর আওতায় তেরাইল গ্রামে মাঠ দিবস অনুষ্ঠিত হয়েছে ।

মাছের পোনা চাষে উদ্যোক্তা তৈরি প্রযুক্তির ওপর আয়োজিত উক্ত অনুষ্ঠানে সদস্য পর্যায়ে সচেতনতা ও প্রতিরূপায়ন বৃদ্ধির লক্ষ্যে সফল খামারীর খামার পরিদর্শনসহ প্রত্যাশিত লাভের হিসাব সরেজমিনে দেখানো হয়।
আজ বুধবার দুপুরে অনুষ্ঠিত মাঠ দিবসে উপস্থিত চাষীদের পুকুরে পোনা মাছ চাষের গুরুত্ব, গুণগত মানসম্পন্ন পোনার চাষ, পোনার প্রাপ্তিস্থান, মাছের সাধারণ রোগ-প্রতিকার, সমস্যাবলী ও সমাধানসহ অন্যান্য বিষয়ে আলোকপাত করা হয়। এছাড়াও পুকুর ব্যবস্থাপনায় বিবেচ্য বিষয়সমূহ তুলে ধরা হয়।

উক্ত কার্যক্রমে আর্থিকভাবে সহায়তা করছে পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)।

গাংনী মহিলা ডিগ্রী কলেজে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত

গাংনী মহিলা ডিগ্রী কলেজে ২০২৩ সালের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে। আজ বুধবার (২২ নভেম্বর) সকাল ১০ টায় মহিলা ডিগ্রী কলেজ মাঠে জাতীয় সংগীতের মাধ্যমে পতাকা উত্তোলন ও বর্ণাঢ্য র্যালির মধ্য দিয়ে ক্রীড়া প্রতিযোগিতার সুচনা করা হয়।

প্রতিযোগিতার বিভিন্ন ইভেন্টের মধ্যে ছিল ব্যাডমিন্টন, চকলেট দৌড়, বর্শা নিক্ষেপ, সুই সুতা পড়ানো, লৌহ গোলক নিক্ষেপ, চাকতি নিক্ষেপ, মার্বেল দৌড় এবং কলেজের শিক্ষক-শিক্ষিকাদের জন্য হাড়িভাঙ্গা ও পিলো পাসিং।

উদ্বোধনী অনুষ্ঠানে গাংনী মহিলার ডিগ্রী কলেজের অধ্যক্ষ খোরশেদ আলীর সভাপতিত্বে ও সহকারি অধ্যাপক মনোয়ার হোসেনের সঞ্চালনায়, প্রধান অতিথি হিসেবে ভার্চুয়ালি উপস্থিত ছিলেন কলেজের গভর্নিং বডির সভাপতি এম এ এস ইমন।

ক্রিড়া প্রতিযোগিতার পুরস্কার বিতরণী ২৬ নভেম্বর রবিবারে অনুষ্ঠিত হবে বলে জানিয়েছে কলেজ কর্তৃপক্ষ।

গাংনী পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি কর্তৃক উপকরণ বিতরণ

পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস)-এর ‘পলাশীপাড়া শাখাতে সংস্থার সমন্বিত কৃষি ইউনিট এর কৃষি খাতের আওতায়, পরিবেশবান্ধব মালচিং পেপার ব্যবহার করে উচ্চমুল্যের ফসল চাষ ওউচ্চ ফলনশীল নতুন জাতের ফসল চাষ প্রদর্শনীর আওতায় ৯ জন উপকারভোগীর মাঝে উপকরণ

বিতরণ করা হয়।

বিতরণকৃত উপকরণ সমূহের মধ্যে ছিল পরিবেশবান্ধব মালচিং পেপার, ট্রাইকো-কম্পোস্ট সার, রাসায়নিক সার, কিটনাশক, মাইক্রো নিউট্রিয়েন্ট,গমের বীজ, ছোলার বীজ , ভুট্টার বীজ (পপকর্ন), শসার বীজ, বেগুনের চারা সহ প্রয়োজনীয় উপকরণ সাইনবোর্ড ও রেজিষ্টার খাতা বিতরণ করা হয়। পাশাপাশি উপকারভোগীদেরকে প্রদর্শনীর লক্ষ্য ও উদ্দেশ্যসহ কিভাবে এর রক্ষণাবেক্ষন করতে হবে সে সম্পর্কে দিক নির্দেশনা প্রদান করা হয়।

উপকরণ বিতরণের সময় উপস্থিত ছিলেন মো: রমজান আলী, প্রেসিডেন্ট পিএসকেএস, পলাশীপাড়া শাখার শাখা ব্যবস্থাপক, এবং পলাশীপাড়া শাখার কর্মকর্তা ও কর্মচারীসহ সমন্বিত কৃষি ইউনিটের সকল কর্মকর্তাগন।